

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৭. ইলমের ভিত্তিতে আমল করা এবং এতে নিয়ত সহীহ রাখা

بَابُ الْعَمَلِ بِالْعِلْمِ وَحُسْنِ النِّيَّةِ فِيهِ

আরবী

أَخْبَرَنَا وقالَ أَبُو الدَّرْدَاءِ: " مَا أَخَافُ عَلَى نَفْسِي أَنْ يُقَالَ لِي: مَا عَلِمْتَ، وَلَكِنْ أَخَافُ أَنْ يُقَالَ لِي: مَاذَا عَمِلْتَ؟

বাংলা

২৭০. (একই সনদে) আবী দারদা' রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, আমি আমার নিজের ব্যাপারে ভয় পাই না যে, আমাকে জিজ্ঞেস করা হবে, তুমি কী শিক্ষা করেছ? বরং আমি নিজের ব্যাপারে ভয় পাই যে, আমাকে জিজ্ঞেস করা হবে, তুমি কী আমল করেছ?[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদও পূর্বের হাদীসটির সনদের অনুরূপ। (তবে অন্য সনদে ইবনু আব্দুল বারর এটি বর্ণনা করেছেন যা সহীহ। তাখরীজ দেখুন-অনুবাদক)

তাখরীজ: থতীব, ইকতিদাউল ইলম ওয়াল আমল, মাওকুফ হিসেবে; ইবনুল মুবারক, আয যুহদ নং ৩৯; ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম নং ১২০১; ইবনু আবী শাইবা ১৩/৩১১ নং ১৬৪৪৬; আহমদ, আয যুহদ পৃ: ১৩৬; আবু নুয়াইম, হিলইয়া ১/২১৩। তবে ইবনু আব্দুল বার অপর সনদে কাছীর বিন আব্দুল্লাহ হতে তিনি আবু দারদা হতে এটি বর্ণনা করেছেন জামি' বয়ানুল ইলম নং ১২০৪, এর সনদ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন